# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**30 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) আসাম রাজ্য সরকারী সেবা অধিকার আয়োগের কাজকর্মের আনুষ্ঠানিক সূচনা। এর মাধ্যমে নির্ভর যোগ্যতা ও স্বচ্ছতা বজায় রাখা নিশ্চিত করবে বলে মুখ্যমন্ত্রীর মন্তব্য।

২) আইআইটি গুয়াহাটিতে ভারত আন্তর্জাতিক বিজ্ঞান মহোৎসব আরম্ভ। মহোৎসবকে জ্ঞান আহরণের মঞ্চ হিসেবে ব্যবহার করতে শিক্ষার্থীদের প্রতি মুখ্যমন্ত্রীর আহ্বান।

৩) সর্প দংশনের ফলে মৃত্যুর বিষয়টি রোগ হিসেবে চিহ্নিত করে বিজ্ঞপ্তী জারী করতে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশ।

এবং

৪) লামডিং- বদরপুর পাহাড় লাইনে দিহাখো ও মুপা অংশে ট্রেক সুরক্ষা সম্পর্কিত কাজের জন্য আগামীকাল থেকে ৮ ডিসেম্বর পর্যন্ত বেশ কয়েকটি ট্রেনের চলাচল বাতিল/

---------------------------------------------------------------------------------

রাজ্যে নাগরিক কেন্দ্রিক সু - শাসন নিশ্চিত করার উদ্দেশ্যে আজ মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আসাম রাজ্য সরকারী সেবা অধিকার আয়োগের কাজ কর্ম আনুষ্ঠানিকভাবে উদ্ভোধন করেন ।গৌহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে কিছুসময় আগে মুখ্যমন্ত্রী এই

আয়োগের কাজ কর্মের সূচনা করেন ।মুখ্যমন্ত্রী তার ভাষনে বলেন যে এই পদক্ষেপ নাগরিকদের কল্যাণের জন্য নির্ধারিত সময়ে কাজ সম্পন্ন করা সহ নির্ভরযোগ্যতা ও স্বচ্ছতা বজায় রাখা নিশ্চিত করবে । আজকের এই দিনটি আসামের ইতিহাসের একটি উল্লেখযোগ্য দিন বলে উল্লেখ করে তিনি আয়োগকে এই ক্ষেত্রে সক্রিয় ভূমিকা গ্রহণ করতে আহ্বান জানান ।

-----------------------------------------------------------------------------------------

ভারত আর্ন্তজাতিক বিজ্ঞান মহোৎসবে উপস্থিত বিশেষজ্ঞদের কাছ থেকে যতটুকু সম্ভব ততটুকু শিখে নিতে অংশগ্রণকারী শিক্ষার্থীদের প্রতি মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আহ্বান জানিয়েছেন। মহোৎসবটিকে শেখার মঞ্চ হিসেবে ব্যবহার করতে মুখ্যমন্ত্রী ছাত্র ছাত্রীদের প্রতি আহ্বান জানান । কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ সি আই এস আর , বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রনালয় ও ভূ বিজ্ঞান মন্ত্রনালয়ের উদ্যোগে আজ থেকে আরম্ভ হোয়া আর্ন্তজাতিক বিজ্ঞান মহোৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ড: শর্মা এই মহোৎসব আয়োজন করার সুযোগ দেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।আজকের উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা মন্ত্রনালয়ের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী ড: জিতেন্দ্র সিং সহ অরুনাচল প্রদেশের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের মন্ত্রী দাসাংলু পুলু , নীতি আয়োগের সদস্য ড: ভি কে সারস্বত সহ বেশ কয়েকজন বিশিষ্ট বিজ্ঞানী উপস্থিত ছিলেন । উল্লেখ্য বিজ্ঞান ও প্রযুক্তিকে মূল চালিকা শক্তি হিসেবে নিয়ে ভারতকে বিশ্বের অগ্রণী রাষ্ট্রে রুপান্তরের লক্ষে অনুষ্ঠিত করা এবারের দশম বার্ষিক বিজ্ঞান মহোৎসবে প্রায় ১২ হাজার শিক্ষার্থী অংশ গ্রহণ করেছে ।এই আর্ন্তজাতিক বিজ্ঞান মহোৎসবের দোসরা ডিসেম্বর অনুষ্ঠেয় মত বিনিময় অনুষ্ঠানে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার অধ্যক্ষ তথা বিশিষ্ট বিজ্ঞানী এস সোমনাথ উপস্থিত থাকবেন ।আগামী তেসরা ডিসেম্বর এই মহোৎসব সমাপ্তি হবে ।

-----------------------------------------------------------------------------------------

উপরাষ্ট্রপতি জগদীপ ধনকর বলেছেন যে উন্নত ভারত এখন আর স্বপ্ন নয় বরং প্রত্যাহ্বানমূলক লক্ষ্য ও সংকল্পের লক্ষ্যে উপনীত দেশ। আজ নতুন দিল্লীতে ‘উন্নত ভারত ২০৪৭ ঃ নতুন ভারতের লক্ষ্য’ শীর্ষক তৃতীয় এই সমাবেশে ভাষণ দিয়ে উপরাষ্ট্রপতি বলেন যে দেশের অর্থনীতি ও পরিকাঠামো , ডিজিটেল পরিকাঠামো ইত্যাদিকে বিশ্ব বেংক ও বিশ্ব অর্থনৈতিক মঞ্চ প্রশংশা করেছে ।তিনি বলেন যে আই এম এফ বিনিয়োগ ও সুযোগের ক্ষেত্রে ভারতকে উল্লেখযোগ্য স্থান হিসেবে স্বীকৃতি প্রদান করেছে ।অতি অল্প সময়ের মধ্যে ৫০ কোটিরও বেশী লোককে বেংকিং ব্যবস্থার সঙ্গে সংযুক্ত করা হয়েছে বলে উল্লেখ করে উপরাষ্ট্রপতি শ্রী ধনকর ভকেল ফর লোকেলের

ওপর ও গুরুত্ব আরোপ করেন ।উপরাষ্ট্রপতি নিজেদের প্রয়োজন অনুসারে সম্পদ ব্যবহার করতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------------

সর্প দংশন ও এর ফলে মৃত্যুর বিষয়টিকে রোগ হিসেবে চিহ্নিত করে বিজ্ঞপ্তি জারি করতে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রনালয় রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল সমুহকে নির্দেশ দিয়েছে ।সব রাজ্যের স্বাস্থ্য বিভাগের প্রধান সচিব বা অতিরিক্ত সচিবকে প্রেরণ করা এক পত্রে স্বাস্থ্য মন্ত্রনালয় এ কথা জানিয়েছে ।বিশেষ করে উপজাতি অধ্যুষিত অঞ্চল এবং কৃষকদের মধ্যে সর্প দংশনের ফলে মৃত্যু , অসুস্থতা এবং অক্ষমতার সৃষ্টি হতে পারে বলে কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব পত্রে উল্লেখ করেছেন ।তিনি বলেন যে মন্ত্রনালয় ২০৩০ সালের মধ্যে সর্প দংশনের বিষক্রিয়া প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য জাতীয় কর্মপন্থা অর্থাৎ এন এ পি এস ই শীর্ষক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

শিক্ষামন্ত্রী ড: রণোজ পেগু আজ কাহিলীপারার সমগ্র শিক্ষা অভিযান কার্যালয়ে জ্ঞানের ই-কক্ষ উদ্ভোধন করেন । ই-কক্ষ আসাম ইউটিউব চেনেলের মাধ্যমে বিদ্যালয় সহ ঘর থেকে ও শিক্ষার্থীরা পাঠ গ্রহণ করতে পারবেন বলে মন্ত্রী ড: রণোজ পেগু জানিয়েছেন । শিক্ষা বিভাগের আধিকারিক কর্মচারীদের উপস্থিতিতে ই- কক্ষ উদ্ভোধন করে শিক্ষামন্ত্রী বলেন যে প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত সব পাঠ্যক্রমের ভিডিও পাঠদান এই ইউটিউব চেনেলে পাওয়া যাবে । অভিজ্ঞ শিক্ষকদের দ্বারা অসমীয়া ভাষায় সব পাঠের ভিডিও প্রস্তুত করা হয়েছে বলে তিনি জানান ।

---------------------------------------------------------------------------------------------

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের লামডিং ডিভিশনের অধীন লামডিং-বদরপুর পাহাড় লাইনের দিহাখো - মুপা অংশে ট্র্যাক সুরক্ষা সম্পর্কীত কাজের জন্য আগামীকাল থেকে ৮ ডিসেম্বর পর্যন্ত ৫ ঘন্টা করে মেগা ব্লকের ব্যবস্থা করা হয়েছে । এর পরিপ্রেক্ষিতে কয়েকটি ট্রেনের চলাচল বাতিল , সময় পুনর্নির্ধারন ,ও নিয়ন্ত্রন করা হয়েছে । এই অনুযায়ি আগামীকাল থেকে ৮ ডিসেম্বর পর্যন্ত গুয়াহাটী-শিলচর - গুয়াহাটী ট্রেন , ৪ ও ৭ ডিসেম্বর গুয়াহাটী - বদরপুর - গুয়াহাটী এক্সপ্রেস বাতিল করা হয়েছে ।অনুরূপভাবে ২ , ৪ ও ৭ ডিসেম্বর গুয়াহাটী -দুল্লভছড়া এক্সপ্রেস বাতিল করা হয়েছে ।৩ , ৫ ও ৮ ডিসেম্বর দুল্লভছড়া - গুয়াহাটী এক্সপ্রেস বাতিল থাকবে ।৫ ডিসেম্বর শিলচর - কলকাতা স্পেশাল ও ৬ ডিসেম্বর কলকাতা শিলচর স্পেশাল ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন জেলায় আগামী তেসরা ডিসেম্বর থেকে তিনদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে তৃতীয় স্বাস্থ্য সেবা উৎসব অনুষ্ঠিত হবে । ২০২২ সাল থেকে বিদ্যালয়ের গুণোৎসবের মতো রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রের সর্বাত্মক মূল্যায়নের জন্য এই কার্যসূচী গ্রহণ করে আসা হচ্ছে ।এই উৎসবের সময়কালে জেলাগুলির চিকিৎসালয় , স্বাস্থ্য কেন্দ্র ইত্যাদির চিকিৎসা সেবা ও পরিকাঠামো মূল্যায়ন করা হবে । এ দিকে শ্রীভূমি আয়ুক্তের কনফারেন্স হলে আজ তৃতীয় স্বাস্থসেবা উৎসব উপলক্ষে বর্হি মূল্যায়নকারীদের জন্য একটি ওরিয়েন্টেশন কার্যসূচী অনুষ্ঠিত হয় ।অতিরিক্ত উপায়ুক্ত মিনার্ভা দেবী আরামবামের পৌরহিত্যে অনুষ্ঠিত এই কার্যসূচীতে জেলা পর্যায়ের কর্মকর্তা এবং শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের বিশিষ্ট চিকিৎসক তথা সংশ্লিষ্ট শিক্ষকরা অংশ গ্রহণ করেন ।এতে জেলা স্বাস্থ্য যুগ্ম সঞ্চালক ডা: সুমনা নাইডিং বর্হি মূল্যায়নকারীদের স্বাগত জানান । এবং স্বাস্থ্য সেবা উৎসবের লক্ষ্য ও উদ্দেশ্যে ব্যাখ্যা করেন । তিনি বলেন যে এই উৎসবের মাধ্যমে জেলার স্বাস্থ্য প্রতিষ্ঠানের সেবার মান উন্নয়ন ও জনসাধারণের জন্য আরো উন্নত ও কার্যকর সেবা নিশ্চিত করা হবে । শ্রীভূমি জেলায় মোট ৪৬ টি স্বাস্থ্য প্রতিষ্ঠান এই মূল্যায়নের আওতায় আসবে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে ও রাজ্য শিশু সুরক্ষা সমিতির সহায়তায় আজ জেলা আয়ুক্তের কার্যালয়ে শিশু সুরক্ষা প্রতিষ্ঠানের শিশুদের প্রতিভা ও দক্ষতা বিকাশের উদ্দেশ্যে প্রদর্শনী ও মেলার আয়োজন করা হয় ।জেলা আয়ুক্ত মৃদুল যাদব এই প্রদর্শনী ও মেলার উদ্বোধন করেন ।অনুষ্ঠানে অতিরিক্ত জেলা আয়ুক্ত ডঃ খালেদা সুলতানা আহমেদ , সহকারী আয়ুক্ত তথা জেলা সমাজ কল্যান আধিকারীক অঞ্জলি কুমারী প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

আসাম বার্তাজীবি সঙ্ঘের মধ্যকালীন অধিবেশন ও সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে আজ থেকে হাইলাকান্দি রবীন্দ্র ভবনে দুদিন ব্যাপী অধিবেশনের আয়োজন করা হয়েছে ।এ উপলক্ষে আজ এক প্রতিনিধি সভা ও সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে । সভার উদ্বোধনী ভাষণে বিশিষ্ট লোকসাহিত্যিক ও ঔপন্যাসিক অমলেন্দু ভট্টাচার্য লোকসাহিত্যের ঐতিহ্য ও সুনামের ওপর আলোকপাত করেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার সাতটি আইসিডিএস প্রকল্পের অধীনে আগামী ৫ ডিসেম্বর থেকে ১৩ ডিসেম্বর পর্যন্ত দিব্যাঙ্গ শনাক্তকরণ শিবির অনুষ্ঠিত হবে ।জেলা সমাজ কল্যান আধিকারীক জানিয়েছেন যে ‘এলিমকো’র সহযোগিতায় দিব্যাঙ্গদেরকে বিনামূল্যে অনুদান

ও সহায়ক সামগ্রী প্রদান করতে জেলার বিভিন্ন স্থানে শিবিরের আয়োজন করা হয়েছে । ৫ ডিসেম্বর লোয়াইরপোয়ার ইছাবিল হায়ার সেকেন্ডারি স্কুলে , ৬ ডিসেম্বর রামকৃষ্ণ বিদ্যাপীঠ হাইস্কুলে ,৭ ডিসেম্বর উত্তর শ্রীভূমি আই সি ডি এস এলাকা ও শ্রীভূমি শহর ও আকবরপুর কৃষি বিজ্ঞান কেন্দ্রে , ৮ ডিসেম্বর দক্ষিণ শ্রীভূমির জটাই এম ই স্কুল , , চেরাগি হাইস্কুল , ২২২ নম্বর নাইখাই দক্ষিণগ্রাম এলপি স্কুল রুপসীবাড়ী ও মহাকল ব্লকে শিবিরের আয়োজন করা হয়েছে । এছাড়া পাথারকান্দির বারইগ্রাম হায়ার সেকেন্ডারী স্কুলএ এই শিবিরের আয়োজন করা হয়েছে ।শিবিরগুলোতে সংশ্লিষ্ট এলাকার দিব্যাঙ্গদের এই সুবিধা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

বীর লাচিত বরফুকনের ৪০২ তম জন্ম বার্ষিকী উপলক্ষে আজ ভারতীয় জনতা যুব মোর্চার হাইলাকান্দি জেলা শাখার উদ্যোগে ম্যারাথন দৌড়ের আয়োজন করা হয় ।হাইলাকান্দি তেমাথা থেকে বাইপাস পর্যন্ত ৬ কিলোমিটার দীর্ঘ এই ম্যারাথন দৌড় অনুষ্ঠিত হয় ।২০০ জন প্রতিযোগি এতে অংশগ্রহণ করেন ।

-----------------------------------------------------------------------------------